ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯৪

জম্পুইজলা,২ মে,২০২৫

**জম্পুইজলা মহকুমা পরিদর্শনে জেলাশাসক**

সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা সিদ্ধার্থ শিব জয়সওয়াল আজ জম্পুইজলা মহকুমা পরিদর্শনে আসেন। পরিদর্শনকালে তিনি কানুরাম পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের সি.এল.এফ. কার্যালয়, বুখুরুই কমিউনিটি হলে আয়োজিত বাঁশবেত দিয়ে সামগ্রী তৈরির কর্মশালায় যান। পরিদর্শনকালে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের বিভিন্ন বিষয়ে নির্দেশও প্রদান করেন। জম্পুইজলা মহকুমা পরিদর্শনের সময় অন্যান্যদের মধ্যে ছিলেন মহকুমা শাসক চিরঞ্জীব আনন, জম্পুইজলা ব্লকের বিডিও ওবেদ এল ডার্লং প্রমুখ।

*****